গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম
(রাজস্ব শাখা)
www.kurigram.gov.bd

জলমহাল ইজারা বিজ্ঞপ্তি

এতদ্দারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ভূমি মন্ত্রণালয় সায়রাত-১ অধিশাখা এর ১৩ সেপ্টম্বর, ২০২৬খ্রি. ৩১.০০.০০০০.০০০.০৫০.৫৯.০২০.২৬.৪৩০ নম্বর স্মারক মূলে প্রাপ্ত প্রজ্ঞাপন এর সিডিউল অনুযায়ী উন্নয়ন প্রকল্পের আওতায় এ জেলার ২০ (কুড়ি) একরের উর্ধ্বে নিম্ন বর্ণিত ০৩(তিন) টি জলমহাল ১৪৩৪-১৪৩৯ বঙ্গাব্দ ০৬(ছয়) বৎসর মেয়াদে ০৩ কার্তিক থেকে ৩০ কার্তিকের মধ্যে (১৯ অক্টোবর থেকে ১৫ নভেম্বরের মধ্যে) আগ্রহী নিবন্ধনকৃত কুড়িগ্রাম জেলার প্রকৃত মৎস্যজীবী সংগঠন / সমিতি ভূমি মন্ত্রণালয় বরাবর নিম্নবর্ণিত শর্তে অনলাইনে আবেদন করতে অনুরোধ করা হলোঃ

জলমহালের তফসিলসহ বিবরণ

ক্রঃ নং	উপজেলার নাম	জলমহালের নাম	মৌজার নাম	আয়তন (একরে)	ইজারার মেয়াদ	সরকারি ইজারামূল্য
১	২	৩	৪	৫	৬	৭
০১	কুড়িগ্রাম সদর	পাঁচগাছীর ছড়া	পূর্ব কুমরপুর, খামার বিষ্ণুবল্লভ, ঘোগাদহ, ছত্রপুর, আরাজী ভোগডাঙ্গা	১২৮.৭৯	১৪৩৪-১৪৩৯	১০,০০,০০০/-
০২		গিরাই নদী	পরমালী, রসুলপুর	২২.৭৫	১৪৩৪-১৪৩৯	২,৮১,২৫০/-
০৩	ফুলবাড়ী	ফুলসাগর লেক	চন্দ্র খানা	৩৭.০০	১৪৩৪-১৪৩৯	১৭,৭৫,০০০/-

শর্তাবলি:

১) প্রকৃত মৎস্যজীবী সমিতি/ মৎস্যজীবী সংগঠন ০৩ কার্তিক থেকে ৩০ কার্তিকের মধ্যে (১৯ অক্টোবর থেকে ১৫ নভেম্বরের মধ্যে) ভূমি মন্ত্রণালয় বরাবর অনলাইনে আবেদন করতে পারবেন। আবেদনের লিংক (http://jm.lams.gov.bd)

২) অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি, চাহিত সংশ্লিষ্ট কাগজপত্র ও উদ্ধৃত ইজারা মূল্যের ২০% জামানত বাবদ ব্যাংক ড্রাফট / পেঅর্ডারের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে অফিস চলাকালীন সময়ের মধ্যে জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রামের রাজস্ব শাখায় নির্ধারিত সীলগালাকৃত দরপত্র বাক্সে ৩০ কার্তিক পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে (১৫ নভেম্বর পরবর্তী ০৩ কার্যদিবস অর্থাৎ ১৬/১১/২০২৬খ্রি. হতে ১৮/১১/২০২৬খ্রি. এর মধ্যে) জমা দিতে হবে। নির্ধারিত সময়ের পরে কোন আবেদন গ্রহণ করা হবে না। এছাড়াও ১১ আগস্ট, ২০১৫খ্রি. এর ৫১৪ নং স্মারক অনুযায়ী ইজারা প্রাপ্ত সমিতিকে প্রথম বর্ষের মতই পরবর্তী বর্ষ হতে পঞ্চম বর্ষ পর্যন্ত প্রতি বছর বার্ষিক ইজারামূল্যের সাথে সংশ্লিষ্ট বর্ষের ইজারা মূল্যের ২০% অর্থ ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার আকারে জেলা প্রশাসকের নিকট জমা দিতে হবে যা ইজারা গ্রহীতা সমিতির শেষ বর্ষ অর্থাৎ ষষ্ঠ বর্ষের ইজারামূল্যের সঙ্গে সমন্বয় করা হবে।

৩) ইজারা দরপত্র দাখিলকারী সমিতি জামানত বাবদ ২০% টাকা ইজারা শেষ বছরের ইজারামূল্যের সাথে সমন্বয় করা হবে।

৪) আবেদনকারী মৎস্যজীবী সমিতিকে আবেদন বাবদ ৫০০/-(পাঁচশত) টাকা (অফেরৎযোগ্য) চালানের মাধ্যমে জলমহাল ও পুকুর ইজারা কোডে (পুরাতন ১/৪৬৩১/০০০০/১২৬১ নতুন-১৪১৫২০২) জমা প্রদান করে চালানের মূলকপি আবেদনের সাথে যুক্ত করে দাখিল করতে হবে।

৫) আবেদনকারী মৎস্যজীবী সমবায় সমিতিকে ১ম বছরের ইজারামূল্যসহ মোট ইজারামূল্যের ১০% আয়কর (কোড নং ১১১১১০১) ও ১৫% ভ্যাট (কোড নং ১১৪১১০১) চালানের মাধ্যমে জমা প্রদানপূর্বক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

৬) ভুল/,অসম্পূর্ণ তথ্য সম্বলিত আবেদন বাতিল বলে গণ্য হবে।

৭) মৎস্যজীবী সংগঠন / সমিতিকে যাচাই বাছাই এর ক্ষেত্রে উক্ত সংগঠন/ সমিতি এর কোন রাষ্ট্রবিরোধী সম্পৃক্ততা থাকলে এবং পূর্বের কোন জলমহালের ইজারামূল্য পরিশোধে খেলাপী হয়ে থাকলে অথবা জলমহাল সংক্রান্ত কোন সার্টিফিকেট মামলা কিংবা অন্য কোন আদালতে মামলা থাকলে সংশ্লিষ্ট সংগঠন/ সমিতিকে উক্ত জলমহাল বন্দোবস্ত প্রদান করা হবে না।

৮) কোন কারণে বসত ইজারা কার্যক্রম বিলম্ব হলেও প্রদত্ত ইজারা ১৪৩৪ বঙ্গাব্দ ১লা বৈশাখ হতে কার্যকর হবে। এজন্য ইজারা গ্রহীতা কোন আর্থিক সুবিধা বা ক্ষতিপূরণ দাবি করতে পারবেন না। এ বিজ্ঞপ্তিভূক্ত জলমহালের ইজারার মেয়াদ ৩০ চৈত্র, ১৪৩৯ বঙ্গাব্দ তারিখে সমাপ্ত হবে।

৯) দাখিলকৃত আবেদনের উদ্ধৃত দর সরকারি ইজারামূল্য অপেক্ষা কম হলে দাখিলকৃত আবেদন গ্রহণযোগ্য হবে না।

১০) (ক) উন্নয়ন প্রকল্পের বিস্তারিত বিবরণ (প্রকল্প ছকে); (খ) প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির রেজিস্ট্রেশনের সত্যায়িত কপি; (গ) নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির সকল সদস্যের নাম, ঠিকানা ও ছবি; (ঘ) আবেদনকারী সমিতির প্রত্যেক সদস্য প্রকৃত মৎস্যজীবী মর্মে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির পক্ষ থেকে প্রত্যয়নপত্র; (ঙ) প্রকৃত মৎস্যজীবী মাছ চাষ, শিকার ও বিপণনের সাথে জড়িত আছেন ও থাকবেন এবং জলমহাল ইজারা পেলে নিজেরাই তা পরিচালনা করবেন এমন অঙ্গীকারনামা; (চ) সভাপতি / সম্পাদক ও উক্ত সমিতির নিকট সরকারি কোন বকেয়া রাজস্ব পাওনা আছে কিনা এবং তাদের বিরুদ্ধে কোনো সার্টিফিকেট মামলা আছে কি না এ বিষয়ে জেলা প্রশাসন কর্তৃক প্রত্যয়ন পত্র ও প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য কাগজপত্র দাখিল করতে হবে। আবেদনের সাথে সংগঠন / সমিতির নিবন্ধন সনদ, সমিতির সভার কার্যবিবরণী, বিগত ০২(দুই) বছরের অডিট রিপোর্ট, নির্বাচিত কমিটির সভাপতি ও সম্পাদকের ছবিসহ নির্বাহী সদস্যদের

নামের তালিকা ও সমিতির সকল প্রকৃত মৎস্যজীবী সদস্যগণের FID কার্ডের মৎস্য কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি, গঠনতন্ত্রের কপি, ব্যাংক রুল অনুসারে ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট, জলমহালে মৎস্য চাষ/ উৎপাদন / সুষ্ঠু পরিচালনা / রূপরেখাসহ প্রয়োজনীয় সকল কাগজাদিসহ NID কার্ডের ছায়ালিপি সংযোজন করতে হবে।

১১) কোন মৎস্যজীবী সমবায় সমিতি উন্নয়ন প্রকল্পের আওতায় ০১(এক) টির অধিক জলমহাল ইজারা / বন্দোবস্ত পাবেন না।

১২) উন্নয়ন প্রকল্পের অন্তর্ভুক্ত জলমহালের ইজারা গ্রহীতা কোণ অবস্থাতেই 'মা' মাছ শিকার ক্রতে পারবেন না, এর ব্যত্যয় ঘটলে পুরো ইজারা বাতিল করা যাবে।

১৩) ইজারাকৃত জলমহাল কোনক্রমেই সাবলীজ দেয়া যাবে না, যদি সাবলীজ দেয়া হয়, তাহলে উক্ত জলমহালের ইজারা বাতিলসহ জামানতসহ জমাকৃত ইজারা মূল্য সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। ঐ ইজারা গ্রহীতা সমিতি পরবর্তী ০৩(তিন) বছর কোন জলমহালের ইজারার জন্য বা উন্নয়ন প্রকল্পের জন্য আবেদন করতে পারবেন না।

১৪) জলমহাল ইজারার মেয়াদ ১ বৈশাখ থেকে শুরু হবে এবং বছরের যে কোন সময়ে জলমহালের ইজারা গ্রহণ করলেও ইজারার মেয়াদ ১ বৈশাখ থেকে কার্যকর হবে এবং একই বছরের ৩০ চৈত্র তারিখে শেষ হবে। এই সময়ের মধ্যে কোন কারণে খাস কালেকশন করা হয় তবে তা সরকারি খাতে জমা হবে, ইজারাপ্রাপ্ত সমিতি/ সংগঠন পাবে না।

১৫) ইজারা প্রদত্ত জলমহাল ইজারা চুক্তির কোন শর্ত লংঘিত হলে ইজারাদারের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৬) গৃহীত ইজারা মূল্যের উপর সরকার নির্ধারিত হারে ভ্যাট ও আয়কর ১ম বছরের ইজারার টাকার সাথে পৃথক পৃথক কোডে জমা প্রদান করতে হবে।

১৭) ইজারাপ্রাপ্ত সমিতি কার্যাদেশ প্রাপ্ত হলে কার্যাদেশ উল্লিখিত তারিখের মধ্যে ইজারালব্ধ অর্থসহ ভ্যাট ও আয়কর ১ম বছরের ইজারার টাকার সাথে পৃথক পৃথক কোডে জমা প্রদান করতে হবে। নির্ধারিত তারিখ জমা প্রদান করা না হলে ইজারাদেশ/ কার্যাদেশ বাতিল বলে গণ্য হবে এবং পুনরায় ইজারা বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে।

১৮) ইজারালব্ধ অর্থ কিস্তিতে/ বিলম্বে জমা প্রদান করা যাবে না। করা হলে ইজারাদেশ/ কার্যাদেশ বাতিল বলে গণ্য হবে এবং পুনরায় ইজারা বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে।

১৯) সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এ বর্ণিত অন্যান্য শর্তাবলি এবং সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত বিধি-বিধান ইজারাদার মেনে চলতে বাধ্য থাকবেন।

২০) কর্তৃপক্ষ জনস্বার্থে যে কোন সময় কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন সম্পর্কে যে কোন উপযুক্ত সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করেন।

২১) উপর্যুক্ত তালিকায় বর্ণিত কোনো একটি জলমহালের বিষয়ে কোনো মামলায় কোনরূপ নিষেধাজ্ঞা কিংবা মহামান্য আদালতসহ অন্য কোনো উর্ধ্বতন অফিসের ভিন্নরূপ কোনো আদেশ থাকলে সংশ্লিষ্ট জলমহালটির এই ইজারা বিজ্ঞপ্তি বহির্ভুত হবে মর্মে গণ্য হবে।

২২) জলমহালের আশেপাশের এলাকায় অতিথি পাখি শিকার বা অন্যকোনভাবে পরিবেশের ক্ষতিসাধন করা যাবে না।

(অন্নপূর্ণা দেবনাথ)
জেলা প্রশাসক
কুড়িগ্রাম।
ফোনঃ ০২৫৮৯৯-৫০০২৫
ই-মেইলঃ dckurigram@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম
(রাজস্ব শাখা)
www.kurigram.gov.bd

নম্বর- ৩১.৪৭.৪৯০০.০০৬.০৯.০১০.২৫ -১৩১২

তারিখ: ৫০ আশ্বিন, ১৪৩৩ / ১৫ অক্টোবর, ২০২৬

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে)

১। সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৩। পুলিশ সুপার, কুড়িগ্রাম।
৪। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কুড়িগ্রাম।
৫। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) / (রাজস্ব) / অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, কুড়িগ্রাম।
৬। নির্বাহী প্রকৌশলী পানি উন্নয়ন বোর্ড, কুড়িগ্রাম।
৭। উপজেলা নির্বাহী অফিসার, কুড়িগ্রাম সদর/ ফুলবাড়ী, কুড়িগ্রাম [বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো]।
৮। জেলা মৎস্য কর্মকর্তা, কুড়িগ্রাম[বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো]।
৯। সহকারী কমিশনার (ভূমি), কুড়িগ্রাম সদর/ ফুলবাড়ী, কুড়িগ্রাম [বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো]।
১০। উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, কুড়িগ্রাম [বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো]।
১১। জেলা সমবায় কর্মকর্তা, কুড়িগ্রাম [বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো]।
১২। বিভাগীয় বন সংরক্ষণ/ সহকারী বন সংরক্ষণ, কুড়িগ্রাম।
১৩। জনাব.....

......, কুড়িগ্রাম।

১৫/১০/২৬

(শেখ মাহবুবে সোবহানী)
রেভিনিউ ডেপুটি কালেক্টর
ও
সদস্য সচিব
জেলা জলমহাল ব্যবস্থাপনা কিমিটি
কুড়িগ্রাম।
ফোনঃ ০৫৮১-৬১৩১০(অঃ)
ই-মেইল: rdckurigram@mopa.gov.bd